আজকের কাগজ

তারিখ 29 APR 1995
পৃষ্ঠা ৬ কলাম ৫

# উল্লাপাড়া কেন্দ্রে ভুয়া দাখিল পরীক্ষার্থী গ্রেফতার

**সাহারুল হক সাচ্চু ঃ** অন্যের নামে পরীক্ষা দিতে গিয়ে মোতালেব নামের একজন ছাত্র এখন জেলহাজতে আটক রয়েছে। গত ২২ এপ্রিল উল্লাপাড়া কেন্দ্রে দাখিল পরীক্ষার শেষদিনে সে ধরা পড়েছে। সে মাদ্রাসারই দশম শ্রেণীর ছাত্র এবং শিবির কর্মি বলে জানা গেছে। পুলিশ সূত্রে জানা যায়, নাটোর জেলা সদরের গোকুলনগর গ্রামের নজরুল ইসলামের পুত্র মোতালেব হোসেন নাটোর পারকোলাবাড়িয়া দাখিল মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্র। সে অন্যের প্রবেশপত্রের ছবি পাল্টিয়ে নিজের ছবি লাগিয়ে উল্লাপাড়া সিনিয়ার মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে দাখিল পরীক্ষা দিতে থাকে। সূত্রে প্রকাশ, আসল পরীক্ষার্থী নাটোর জেলা সদরের গোকুলনগরের কামরুজ্জামানের পুত্র আবুল কালাম আজাদ। সে উল্লাপাড়া থানার বড়হর আব্বাস আলী দাখিল মাদ্রাসার ছাত্র। তার রোল উল্লা কেন্দ্র নং-৩৪১৩২। উক্ত



ভুয়া পরীক্ষার্থী শিবির কর্মি মোতালেব

ভুয়া পরীক্ষার্থী বড়হর আব্বাস আলী দাখিল মাদ্রাসা কর্তৃপক্ষের সঙ্গে যোগসাজশে আবুল কালাম আজাদের নামে পরীক্ষা দিয়ে আসছিলো। গত ২২ এপ্রিল পরীক্ষার শেষ দিনে সে ধরা পড়ে। সিরাজগঞ্জের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাকে ভুয়া পরীক্ষার্থী হিসেবে সনাক্ত করে পরীক্ষা থেকে বহিষ্কার এবং গ্রেফতারের নির্দেশ দেন। উল্লাপাড়া থানার পিএসআই আখতার মোর্শেদ তাকে ভুয়া পরীক্ষার্থী হিসেবে সনাক্ত পুলিশ এই ভুয়া পরীক্ষার্থীকে কেন্দ্র থেকে তখনই গ্রেফতার করে এবং আদালতে পাঠায়। এ নিয়ে থানায় যথারীতি মামলা হয়েছে। তার জামিন না মঞ্জুর হওয়ায় সে এখন সিরাজগঞ্জ জেল হাজতে আটক রয়েছে। এদিকে এখনো আসল পরীক্ষার্থীর সম্পর্কে কিছু জানা যায়নি। বিভিন্ন সূত্রে প্রকাশ, এই ভুয়া পরীক্ষার্থী মোতালেব ছাত্র শিবিরের একজন কর্মি। তাকে গ্রেফতারের পর থেকেই জামাত-শিবিরের বিভিন্ন পর্যায়ে নেতারা তাকে ছাড়িয়ে নিতে জোর চেষ্টা চালায়।